**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# আপস্টেট নিউ ইয়র্কের সেমিকন্ডাক্টর উৎপাদন শিল্পকে শক্তিশালী করার জন্য অর্থনৈতিক উন্নয়ন অনুদান প্রদান সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি সেমিকন্ডাক্টর শিল্পে ভ্যাকুয়াম ও অ্যাবেটমেন্ট ইক্যুইপমেন্ট খাতে বিশ্বের নেতৃস্থানীয় প্রতিষ্ঠান, এডওয়ার্ডস-এর জন্য অনুদান অনুমোদন করেছে, যা 212 মিলিয়ন ডলারের মূলধনী উন্নয়ন ত্বরান্বিত করবে এবং 340টিরও বেশি কর্মসংস্থান তৈরি করবে***

***ফার্মটির এই সম্প্রসারণ আপস্টেট নিউ ইয়র্কে সেমিকন্ডাক্টর উৎপাদনের অতি গুরুত্বপূর্ণ উপাদান নিয়ে আসছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) বোর্ড অব ট্রাস্টিজ এডওয়ার্ডস (Edwards)—সেমিকন্ডাক্টর শিল্পে ভ্যাকুয়াম ও অ্যাবেটমেন্ট ইক্যুইপমেন্ট খাতে বিশ্বের নেতৃস্থানীয় অবস্থানে থাকা একটি ব্রিটিশ প্রতিষ্ঠান, এবং অ্যাটলাস কপকো গ্রুপের (Atlas Copco Group) অংশবিশেষের জন্য অর্থনৈতিক উন্নয়ন অনুদান অনুমোদন করেছে—যা 319 মিলিয়ন ডলারের সম্পূর্ণ প্রকল্পের প্রথম ধাপ হিসেবে 212 মিলিয়ন ডলারেরও বেশি মূলধনী বিনিয়োগ ত্বরান্বিত করবে, এবং 343টি কর্মসংস্থান তৈরি করবে। গভর্নর হোকল 2022 সালের নভেম্বর মাসে প্রথম গিনিস কাউন্টিতে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সায়েন্স এন্ড টেকনোলজি এডভান্সড ম্যানুফ্যাকচারিং পার্কে (Western New York Science & Technology Advanced Manufacturing Park) একটি নতুন ফ্যাসিলিটি নির্মাণ করার ব্যাপারে ফার্মটির সিদ্ধান্তের কথা ঘোষণা করেছিলেন।

"উন্নত প্রস্তুতকরণ খাতের একটি বৈশ্বিক হাব হিসেবে আপস্টেট নিউ ইয়র্কের আবির্ভাব নজিরবিহীন রূপান্তরমূলক বিনিয়োগকে উদ্দীপিত করছে যা নিউ ইয়র্কের মেধাবী কর্মীদলের জন্য আগামী দিনের কর্মসংস্থান তৈরি করবে," **বলেছেন গভর্নর হোকল।** "এসব ফার্মকে তাদের সমৃদ্ধি অর্জনের জন্য প্রয়োজনীয় হাতিয়ার ও সহায়তা প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক এটির উদ্ভাবনের ঐতিহ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছে এবং সেমিকন্ডাক্টর শিল্পে নিজের নেতৃস্থানীয় অবস্থানকে সুদৃঢ় করছে।"

**নিউ ইউর্ক পাওয়ার অথরিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "নিউ ইয়র্কের ক্রমবর্ধমান সেমিকন্ডাক্টর শিল্পের জন্য গুরুত্বপূর্ণ সাপ্লাই চেইন অংশীদার

সংগ্রহ করা সর্বাধুনিক প্রযুক্তিগুলো যাতে এখানে নিউ ইয়র্কে উন্নয়ন করা হয় সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে। NYPA-এর জলবিদ্যুৎ নেতৃস্থানীয় প্রস্তুতকারকদেরকে আমাদের স্টেটে আকৃষ্ট করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং বৃহৎ-পরিসরের বিনিয়োগ সংগ্রহ করতে সাহায্য করার পাশাপাশি ভালো বেতনের কর্মসংস্থান তৈরিতে সাহায্য করছে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "সেমিকন্ডাক্টর শিল্পের সাপ্লাই চেইন অংশীদারদেরকে আকৃষ্ট করা নিউ ইয়র্ক স্টেটে একটি অধিকতর শক্তিশালী বাস্তুসংস্থান গড়ে তোলার চাবিকাঠি এবং নিউ ইয়র্ক স্টেট যাতে এই শিল্পের জন্য এবং সংস্থাগুলোর নিয়ে আসা অসংখ্য ভালো বেতনের কর্মসংস্থানের জন্য সেরা লোকেশনে পরিণত হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য NYPA এবং অন্যান্য স্টেট সংস্থার সঙ্গে অংশীদার হতে পেরে আমরা আনন্দিত।"

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির চেয়ারম্যান জন আর. কোয়েলমেল বলেন,** "আজকের বৈঠকে অনুমোদিত হওয়া অর্থনৈতিক উন্নয়নের অনুদানগুলো নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু আইনের লক্ষ্যসমূহ অর্জনকে এগিয়ে নিয়ে যাবে এবং সেমিকন্ডাক্টর উৎপাদন খাতে বিশ্বব্যাপী স্টেটের নেতৃস্থানীয় অবস্থানকে শক্তিশালী করবে। নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্প (Niagara Power Project) ওয়েস্টার্ন নিউ ইয়র্কের হাজার হাজার কর্মসংস্থানের সঙ্গে সম্পৃক্ত এবং একটি নির্মল জ্বালানির অর্থনীতির দিকে নিউ ইয়র্কের উত্তরণে ক্ষমতায়ন করবে।"

আজকের বৈঠকে, নিউ ইউর্ক পাওয়ার অথরিটি (NYPA) বোর্ড এডওয়ার্ডসকে সায়েন্স এন্ড টেকনোলজি এডভান্সড ম্যানুফ্যাকচারিং পার্কের (STAMP) সাইটে একটি ড্রাই ভ্যাকুয়াম পাম্প ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি নির্মাণে সহায়তা করার জন্য 4.9 মেগাওয়াট (MW) কম খরচের নায়াগ্রা জলবিদ্যুৎ বরাদ্দ দেওয়ার বিষয়টি অনুমোদন করেছে। সেইসাথে, NYPA বোর্ড 2.1 মেগাওয়াট উচ্চ লোড ফ্যাক্টর বিদ্যুতের অনুমোদন দিয়েছে যা এডওয়ার্ডস-এর জন্য NYPA জ্বালানি বাজার থেকে সংগ্রহ করবে।

পাওয়ার অথরিটির নায়াগ্রা পাওয়ার প্রোজেক্ট 30-মাইলের ব্যাসার্ধের মধ্যে থাকা কোম্পানিগুলির জন্য অথবা চৌটাওকা কাউন্টিতে ব্যবসাগুলির জন্য স্বল্প-মূল্যের নায়াগ্রা হাইড্রোপাওয়ার উপলব্ধ। নায়াগ্রা জলবিদ্যুৎ এই অঞ্চলে বিদ্যমান হাজার হাজার কর্মসংস্থানের সঙ্গে সম্পর্কযুক্ত।

এডওয়ার্ডস 240,000 বর্গফুট আয়তনের একটি ক্যাম্পাস নির্মাণের জন্য প্রস্তুতি নিচ্ছে যার মধ্যে STAMP অবস্থানে ম্যানুফ্যাকচারিং, ওয়্যারহাউজ, ও অ্যাডমিনিস্ট্রেশন অন্তর্ভুক্ত থাকবে। ড্রাই ভ্যাকুয়াম পাম্প সেমিকন্ডাক্টর উৎপাদন প্রক্রিয়ার একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান, এবং এই ফার্মটির সম্প্রসারণ যুক্তরাষ্ট্রে কার্যক্রম সম্প্রসারণ করা সেমিকন্ডাক্টর কোম্পানিগুলোকে সরাসরি সহায়তা করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) এই লোকেশনে 600টি নতুন পূর্ণকালীন কর্মসংস্থান তৈরি করার বিনিময়ে কর্মীদলের উন্নয়ন এবং একটি বৈচিত্র্যপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক কর্মীদলের

প্রশিক্ষণে সহায়তা করার জন্য কর্মদক্ষতা-ভিত্তিক এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিট, বিনিয়োগের কর ক্রেডিট এবং বাড়তি 1 মিলিয়ন ডলারের সম্মিলনে 21 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করছে।

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা চার্লস স্কুমার বলেন,** "আজকের ঘোষণাটি এডওয়ার্ডস ভ্যাকুয়ামের জন্য আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যা আপস্টেট নিউ ইয়র্কে 300 মিলিয়ন ডলারেরও বেশি বৃহৎ বিনিয়োগ সম্পন্ন করছে এবং 600টি ভালো বেতনের কর্মসংস্থান তৈরি করার মাধ্যমে গিনিস কাউন্টির ক্ষমতায়ন করছে। সেন্ট্রাল NY-তে মাইক্রনের (Micron) বৃহৎ বিনিয়োগ এবং মার্সিতে উলফস্পিডের (Wolfspeed) নতুন ফ্যাব থেকে শুরু করে হাডসন ভ্যালিতে শীঘ্রই শুরু হয়ে যাওয়া অনসেমি (Onsemi) এবং রাজধানী অঞ্চলে গ্লোবাল ফাউন্ড্রিজ (GlobalFoundries)-এর একটি নতুন ফ্যাব নির্মাণ করা পর্যন্ত, এবং এখন ওয়েস্টার্ন নিউ ইয়র্কের STAMP সাইটে এডওয়ার্ডস-এর দ্বারা আমাদের সেমিকন্ডাক্টর শিল্পের সমৃদ্ধি ত্বরান্বিত হওয়ার মধ্য দিয়ে, আমার চিপস এন্ড সায়েন্স আইন (CHIPS and Science Act) আপস্টেটের জন্য বড় পরিসরে অবদান রাখছে এবং নিউ ইয়র্ককে চিপ শিল্পের একটি বৈশ্বিক হাবে পরিণত করছে। STAMP-কে তাদের নতুন প্ল্যান্টের লোকেশন হিসেবে বেছে নেওয়ার জন্য এডওয়ার্ডস ভ্যাকুয়ামকে উৎসাহিত করতে পেরে আমি গর্বিত, এবং আমি আনন্দিত যে তারা আমার আহবানে সাড়া দিয়েছে, এবং গভর্নরের আজকের ঘোষণাটি আমাদেরকে এই বিনিয়োগটি বাস্তবায়ন করার আরো এক ধাপ কাছাকাছি এগিয়ে নিয়ে যাবে।"

**রিপ্রেজেন্টেটিভ জো মোরেল বলেন,** "স্থানীয়ভাবে আমাদের সেমিকন্ডাক্টর চিপের সাপ্লাই চেইন শক্তিশালী করে তোলার ফলে শুধু যে আরো বেশি কর্মসংস্থান তৈরি হবে তাই নয়, বরং আমাদের প্রস্তুতকরণ শিল্পও পুনরুজ্জীবিত হবে। স্থানীয় উদ্ভাবনের জন্য টার্গেটিকৃত বিনিয়োগ সম্পন্ন করার মাধ্যমে একটি শক্তিশালী আঞ্চলিক অর্থনীতি নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের নিবেদিত প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই।"

**নিউ ইয়র্কের ক্রমবর্ধমান সেমিকন্ডাক্টর শিল্প**

নিউ ইয়র্কের ওনোনডাগা কাউন্টিতে অবস্থিত ক্লে-তে বিশ্বের সর্ববৃহৎ মেমরি ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি নির্মাণের জন্য 100 বিলিয়ন ডলার বিনিয়োগ করা সম্পর্কে মাইক্রনের ঐতিহাসিক ঘোষণার পরে কিছু দিনের মধ্যে 2023 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে গভর্নর হোকল GO SEMI-এর জন্যেও 45 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করার ঘোষণা দিয়েছেন। বিনিয়োগটি সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে আনুমানিক 50,000টি প্রজন টি চাকরি আনবে এবং এটি সম্ভব হয়েছে ফেডারেল CHIPS এবং বিজ্ঞান আইন ও 2022 সালে গভর্নরের স্বাক্ষর করা নিউ ইয়র্কের গ্রিন CHIPS বিধিমালার কারণে। নতুন অফিসের নেতৃত্ব দিবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং এখানে কাজ করবে স্টেট বিভাগ (Department of State), নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA), শ্রম বিভাগ (Department of Labor, DOL), পরিবহন বিভাগ (Department of Transportation, DOT), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC), NY CREATES, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, হোমস এবং কমিউনিটি রিনিউয়াল অফিস (Office of Homes and Community Renewal, HCR) এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) বিশেষজ্ঞরা। GO SEMI

মাইক্রন প্রকল্প বাস্তবায়নের প্রয়াসের নেতৃত্ব দিবে এবং এটিকে কেন্দ্রীভূত করবে; সেমিকন্ডাক্টর শিল্পখাত ও এর সরবরাহ চেইনকে আকৃষ্ট করতে পলিসি অগ্রসর করবে; কর্মীবাহিনীর বিকাশ এবং সম্প্রদায়ে বিনিয়োগের ক্ষেত্রে স্থানীয়, স্টেট, ফেডারেল ও বেসরকারি অংশীদারদের মধ্যে সমন্বয় করবে; প্রয়োজনীয় উচ্চ দক্ষতার কর্মীবাহিনী তৈরি, আকৃষ্ট ও ধরে রাখার প্রচেষ্টার নেতৃত্ব দিবে; এবং স্মার্ট প্রবৃদ্ধি পলিসির লক্ষ্যে সমন্বিত বিকাশ সমর্থন করবে।

**নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা**
নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418